

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩৪০

জিরানীয়া, ২১ জুন, ২০২৫

জিরানীয়া মহকুমায় আন্তর্জাতিক যোগা দিবস

আজ সকালে জিরানীয়া মহকুমাভিত্তিক ১১তম আন্তর্জাতিক যোগা দিবস পালিত হয় জিরানীয়াস্থিত বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে। অনুষ্ঠানের সূচনা করেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, স্বাস্থ্যই প্রকৃত সম্পদ। যোগব্যায়ামের মাধ্যমে শারীরিক ও মানসিক সুস্থতা বজায় রাখা আমাদের সবার কর্তব্য। নিয়মিত যোগ চর্চার মাধ্যমে বহু দুরারোগ্য ব্যাধি নিরাময় করা সম্ভব। তাই প্রতিদিন সকালে যোগা অভ্যাস করা উচিত। তিনি বর্তমান সমাজে যুব সমাজকে গঠনমূলক কাজে যুক্ত করার আহ্বান জানান এবং নেশার কবল থেকে বিরত থাকার জন্য বলেন।

অনুষ্ঠানে জিরানীয়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক অনিমেধ ধর বলেন, নিয়মিত যোগব্যায়াম অনুশীলনের মাধ্যমে জীবনশৈলী পরিবর্তন করা সম্ভব। তিনি যোগব্যায়ামের বিভিন্ন সুফল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য শিবায়ন দাস, বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ দীপক সিনহা, বিদ্যালয়ের প্রাতঃ বিভাগের প্রধান শিক্ষক শুভাশীষ চৌধুরী, মহকুমা ক্রীড়া আধিকারিক নিতম্বিনী জমাতিয়া, বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস প্রমুখ। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা পরিবেশিত হয় যোগাভ্যাস। অতিথিগণও তাদের সহিত যোগব্যায়াম করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শারীরিক শিক্ষক বিশ্বরূপ দাস। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রতন কুমার দাস।
